

B.A. 3rd Semester (Honours) Examination, 2021(CBCS)

বাংলা (সাম্মানিক)

Course - SEC-1

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রথমানের নির্দেশক

যথা সম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় - দুই ঘণ্টা

পূর্ণমান -80

উত্তরপত্র সর্বাধিক বারো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :

৮x৫=৪০

১) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে-কোনো পাঁচটি) :

অ) ওরা একই থালায় খাচ্ছে।আ) ডাকে কুছ কুব-কুব লুকায়ে কোথায়।ই) আমার বাঁশির সুরে সাড়া তার জাগিবে।ঈ) সে দেবতার নৈবেদ্য সাজিয়ে দিল।উ) কিয়ান দারুণ ফুটবল খেলে।ঊ) শচীশ খুব ভোরে ঘুম থেকে ওঠে।

২) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো (যে-কোনো পাঁচটি) :

অ) অন্তর কোনো বিপদেই বিচলিত হয় না। (অন্ত্যর্থক বাক্যে)

আ) রঞ্জনের হিসেব নিভুল ছিল। (নঞর্থক বাক্যে)

ই) দরিদ্রের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাবাচক বাক্যে)

ঈ) কী অপূর্ব দৃশ্য! (নির্দেশক বাক্যে)

উ) এ সংসারে কোনো দরকারি কাজে আমার হাত ছিল না। (জটিল বাক্যে)

ঊ) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (সরল বাক্যে)

৩) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে-কোনো পাঁচটি) :

গুপ্তচর, নবরত্ন, মামাবাড়ি, দিবানিশি, কানাকানি, দম্পতি

৪) সন্ধিবিচ্ছেদ করো (যে-কোনো পাঁচটি) :

চরণামৃত, স্নেহাশিস, মহেন্দ্র, সড্ডাব, দিগন্ত, নির্দয়

৫) নিম্নরেখ পদগুলি কী ধরনের পদ, তা উল্লেখ করো (যে-কোনো পাঁচটি) :

অ) কনকনে ঠাণ্ডা পড়েছে।

আ) তারা মাঠে খেলছিল।

ই) অনন্ত ভাত খেয়ে পড়তে বসবে।

ঈ) সে ভোরবেলা গান গায়।

উ) আবীর ও সুজন খুব ভালো বন্ধু।

ঊ) শরৎচন্দ্র বল্ল উপন্যাস লিখেছেন।

৬) স্বরসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে স্বরসন্ধির যে-কোনো দুটি সূত্র বিশ্লেষণ করো।

৭) সমাস কাকে বলে? উদাহরণ দিয়ে যে-কোনো দুইপ্রকার সমাস বুঝিয়ে দাও।

৮) সর্বনাম কাকে বলে? উদাহরণসহ যে-কোনো দুইপ্রকার সর্বনামের পরিচয় দাও।

৯) বাচ্য কাকে বলে? উদাহরণ সহযোগে কর্তৃবাচ্য ও কর্মবাচ্য বুঝিয়ে দাও।

১০) বিশেষ্য কাকে বলে? উদাহরণ সহযোগে যে-কোনো দুইপ্রকার বিশেষ্য বিশ্লেষণ করো।

.....